ইনফেকশান কন্ট্রোল, Addenbrooke's Hospital, Cambridge University Hospitals NHS Foundation Trust, Hills Road, Cambridge, CB2 0QQ, টেলিফোন: 01223 217497 ইন্টারনেট: www.addenbrokes.org.uk

আপনি যদি এ প্রচারপত্রটি অন্য কোন ভাষায়, বড় অক্ষরে বা অডিও টেপে পেতে চান তবে 01223 216032 নম্বরে ফোন করুন কিংবা patient.information@addenbrookes.nhs.uk ঠিকানায় ই-মেইল করুন।

Bengali
আপনি যদি এ প্রচারপত্রটি বাংলায় ভাষায়, বড় অক্ষরে বা অডিও টেপে পেতে চান তবে 01223 216032 নম্বরে ফোন করুন কিংবা patient.information@addenbrookes.nhs.uk ঠিকানায় ই-মেইল করুন।

এই তথ্যপত্রের ব্যাপারে প্রাসঙ্গিক তথ্যাদি

লেখক:	The Infection Control Team
ডিপার্টমেন্ট:	The Infection Control Team, Box 89, Addenbrooke's Hospital, Cambridge University Hospitals NHS Foundation Trust, Hills Road, Cambridge, CB2 0QQ, www.addenbrokes.org.uk
যোগাযোগের ফোন নম্বর:	01223 217497
প্রকাশ কাল:	September 2007
রিভিউ করার তারিখ:	September 2009
ফাইলের নাম:	Clostridium difficile.doc
কত নম্বর ভার্সান (বিবরণী):	4
রেপারেন্স:	PIN 76

Addenbrooke's Hospital NHS
Cambridge University Hospitals NHS Foundation Trust

সংক্রামণ প্রতিরোধকারী ডিপার্টমেন্ট
রোগীদের জন তথ্য
Infection Control Department
Patient Information

ক্লসট্রিডিয়াম ডিফিসাইল
রোগী, আত্মীয়-সজন এবং ভিজিটরদের জন্য তথ্য

Clostridium difficile
Information for patients, relatives and visitors

১. ক্লসট্রিডিয়াম ডিফিসাইল বলতে কি বুঝায়?

ক্লসট্রিডিয়াম ডিফিসাইল হচ্ছে একটি ব্যাকটেরিয়া যা ডায়রিয়া, কোন কোন সময়ে তল পেটে ব্যথা এবং বমির কারণ ঘটায়। কখনও কখনও এ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করানো হলে এটা ঘটে থাকে।

অধিকাংশ সময়ে এটা বৃদ্ধদের এবং যাদের স্বাস্থ্যগত সমস্যা আছে তাদেরকে ক্ষতিগ্রস্ত করে।

লক্ষণের মধ্যে রয়েছে হালকা ডায়রিয়া কয়েক দিনের দিনের জন্য যা নিজে থেকে বন্ধ হয়ে যায় তারপর শুরু হয় অস্বাভাবিক পায়খানা হওয়া যাতে মিউকস এবং কখনও কখনও রক্ত মিশ্রিত থাকে।

২. আমার ক্লসট্রিডিয়াম ডিফিসাইল রয়েছে কি না তা স্টাফগণ কিভাবে জানতে পারবেন?

আপনার যদি ২৪ ঘন্টার বেশী ডায়রিয়া থাকে তাহলে আমরা আপনার পায়খানার একটি নমুনা (স্পেসিমেন) নিব এবং তা পরীক্ষার জন্য ল্যাবরেটরিতে পাঠাব। পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে ফলাফল পাওয়া যাবে।

৩. **এটার কি চিকিৎসা করা যায়?**

হ্যাঁ, কোন কোন সময়ে এ্যান্টিবায়োটিক গ্রহণ করা বন্ধ করলেই হয়ে যায়। কিন্তু কোন কোন ক্ষেত্রে অবস্থা মারাত্মক হয়ে পড়লে সাত থেকে দশ দিনের জন্য একটি বিশেষ ধরনের এ্যান্টিবায়োটিক দেয়া হয়। লক্ষণ সাধারণতঃ দুই বা তিন দিন পর প্রশমিত (কমে যাওয়া) হতে থাকে।

৪. **এটা ছড়িয়ে পড়া আমরা কিভাবে বন্ধ করতে পারি?**

এই ব্যাকটেরিয়াটি পায়খানাতে অধিক সংখ্যায় পাওয়া যায়, তবে এটা ধুলাবালিতে, বিছানার চাদরে এবং যেকোন পৃষ্ঠদেশে (সারফেইস) বাঁচতে পারে, তাই আপনার রুমটি ক্লোরিন দিয়ে বানানো একটি পরিস্কার করার বিশেষ জিনিষ দিয়ে প্রতি দিন পরিস্কার করতে হবে। আরও পরামর্শ দেয়া হচ্ছে যেন আপনার রাত্রিবেলায় পরিধেয় পোশাক এবং বেডের লাইনেন প্রতি দিন কিংবা যখনই অপরিস্কার করা হয় তখন যেন বদলানো হয়।

ইনফেকশান ছড়ানো রোধ করানোর জন্য হাত ধুয়ে ফেলা (এ্যালকোহল জেল ব্যবহারের পরিবর্তে) উচিৎ হবে। কোন রোগী ক্লসট্রিডিয়াম ডিফিসাইল দ্বারা আক্রান্ত হলে এ্যালকোহল হ্যান্ডরাব্ কার্যকর নয়।

৫. **আমার কি একটি একক (সিঙ্গেল) রুমে থাকা প্রয়োজন হবে?**

আপনি যদি চলাফেরা করতে পারেন এবং টয়লেটে যেতে সক্ষম হন তবে শুধুমাত্র একটি সাইড রুম পাওয়া না গেলেই আপনাকে সাধারণ ওয়ার্ডে রেখে সেবা-যত্ন করা হবে। আপনি একটি সাধারণ ওয়ার্ডে থাকিলে আপনাকে আমরা প্রতিদিন পরীক্ষা করে দেখব যাতে আপনার অবস্থার কোন পরিবর্তন হয়েছে কি না তা আমরা জানতে পারি। যাহউক, আপনি যদি টয়লেটে নিজে নিজে না যেতে পারেন এবং আপনার ডায়রিয়া (পাতলা পায়খানা) খুব ঘন ঘন হয়, তবে আমরা আপনাকে আলাদা একটি সিঙ্গেল (একক) রুমে রেখে দেখাশোনা করব। এতে আপনি অধিকতর একান্ততা (প্রাইভেসী) পাবেন বিশেষ করে লক্ষণ যখন খুবই খারাপ থাকে। আপনার জন্য কমোড নাগালের মধ্যে খুব কাছাকাছি থাকবে।

এতে অন্য রোগীদের নিকট ইনফেকশানটি না ছড়াতে সহায়ক হবে যারা হয়তবা আপনার চেয়েও বেশি অরক্ষণীয় অর্থাৎ রোগে আক্রান্ত হবার আশঙ্কা যাদের বেশী।

৬. **লোকজন কি আমাকে ভিজিট করতে পারবে এবং তাদেরকে কি ক্লসট্রিডিয়াম ডিফিসাইল সংক্রামিত করতে পারবে?**

ভিজিটরগণ ইচ্ছা করলে আপনাকে দেখতে আসতে পারবেন। বলবান লোকেরা ক্লসট্রিডিয়াম ডিফিসাইল দ্বারা আক্রান্ত হবার ঝুঁকি খুবই কম।

সাইড রুম ত্যাগ করার সময় ভাল করে হাত ধুতে হবে।

৭. **আমার ব্যক্তিগত কাপড়-চোপড় ধৌওয়ার কি হবে?**

আপনি যদি ক্লসট্রিডিয়াম ডিফিসাইল এর কারণে ডায়রিয়ায় ভোগেন তাহলে আপনার উচিৎ হবে হসপিটালের দেয়া লাইনেন এবং রাত্রি বেলায় পরিধান করার পোশাক পরা। তবে আপনি যদি নিজের কাপড়-চোপড় পরিধান করতে চান তাহলে সেগুলো আপনার আত্মীয়দেরকে বলবেন প্রত্যহ ঘরে নিয়ে যেতে এবং পৃথকভাবে ৬০ ডিগ্রী সেঃগ্রেঃ তাপমাত্রার অধিক তাপমাত্রায় ধৌত করতে।

৮. **এটা কি পুনরায় আসতে পারে?**

দুর্ভাগ্যজনক হলেও উত্তর হচ্ছে ‘হ্যা’। এ্যান্টিবায়োটিক এর আরও কোর্স গ্রহণ করা হলে লক্ষণগুলো পুনরায় দেখা দিতে পারে। কোন কোন সময়ে সমস্যাটি নির্মুল করার জন এ্যান্টবায়োটিকের দীর্ঘ কোর্স দেয়ার প্রয়োজন হতে পারে।

৯. **আমি কিভাবে বুঝতে পারব ক্লসট্রিডিয়াম ডিফিসাইল আমার কাছ থেকে চলে গেছে?**

যখন আপনার ডায়রিয়া বন্ধ হবে, এ্যান্টবায়োটিকের কোর্সটি শেষ হবে এবং আপনার পায়খানা স্বাভাবিক অবস্থাতে ফিরে আসবে তখন আমরা মনে করি আপনার ইনফেকশানটি চলে গেছে। আরেকটি নমুনা (স্পেসিমেন) পরীক্ষার জন্য পাঠানোর কোন প্রয়োজন নেই।

১০. **আমার আরও বিস্তারিত কিছু জানার থাকলে কাকে জিজ্ঞাসা করতে পারব?**

আপনার দেখাশোনাকারী যেকোন ওয়ার্ড স্টাফের সঙ্গে দয়া করে কথা বলবেন। তারা আপনার প্রশ্নের জবাব দিতে না পারলে, বা আপনার আরও কিছু জানার থাকলে ‘ইনফেকশান কন্ট্রোল নার্স’গণ আপনার ওয়ার্ডে গিয়ে আপনাকে ভিজিট করবেন অথবা সুইচবোর্ডের মাধ্যমে তাদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।